গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রতিযোগিতা সাময়িকী

Competition for growth
Bangladesh Competition Commission

বর্ষ ৫ । সংখ্যা ১৫ । জানুয়ারি-মার্চ ২০২৪ । ১৭ পৌষ ১৪৩০-১৭ চৈত্র ১৪৩০









প্রতিযোগিতায় প্রবৃদ্ধি

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর নেতৃত্বে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে সদস্য জনাব সালমা আখতার জাহান, জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন ।





বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে জাতির পিতার প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে পুষ্পস্তবক অর্পণ ও মোনাজাত

অতঃপর কমিশনের চেয়ারপার্সনের নেতৃত্বে কমিশনের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ টিসিবি ভবনে স্থাপিত বঙ্গবন্ধু কর্নারে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে বাণিজ্য মন্ত্রণালয়ের উদ্যোগে টিসিবি অডিটোরিয়ামে দিবসটি উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে কমিশনের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। টিসিবি ভবনে আয়োজিত এ অনুষ্ঠানে মাননীয় বাণিজ্য প্রতিমন্ত্রী জনাব আহসানুল ইসলাম টিটু এমপি প্রধান অতিথি এবং সম্মানিত সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন।




কমিশনের চেয়ারপার্সনের নেতৃত্বে টিসিবি ভবনের বঙ্গবন্ধু কর্নারে পুষ্পস্তবক অর্পণ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষে টিসিবি ভবনে আয়োজিত আলোচনা সভা

টিসিবি ভবনের অনুষ্ঠানের পর মাননীয় বাণিজ্য প্রতিমন্ত্রীর নেতৃত্বে অন্যান্যদের সাথে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে পুষ্পস্তবক অর্পণ করেন।




মাননীয় বাণিজ্য প্রতিমন্ত্রীর নেতৃত্বে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী কর্তৃক ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে পুষ্পস্তবক অর্পণ

## The Commonwealth Secretariat এর সহযোগিতায় UNCTAD এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উদ্যোগে কর্মশালা অনুষ্ঠিত

The Commonwealth Secretariat এর সহযোগিতায় United Nation Conference on Trade and Development (UNCTAD) এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের যৌথ উদ্যোগে গত ০৬ মার্চ ২০২৪ তারিখ ঢাকাস্থ প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলের পদ্মা হলে ১ দিনব্যাপী "Peer Review Dissemination Wokshop on Competition Act, 2012 of Bangladesh" শীর্ষক কর্মশালা এবং ০৭ মার্চ ২০২৪ তারিখে 'Capacity Building Workshop' শীর্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।



'Peer Review Dissemination Wokshop on Competition Act, 2012 of Bangladesh' শীর্ষক কর্মশালায় মঞ্চে উপবিষ্ট প্রধান অতিথি জনাব আহসানুল ইসলাম টিটু এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়




'Peer Review Dissemination Wokshop on Competition Act, 2012 of Bangladesh' শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখছেন জনাব আহসানুল ইসলাম টিটু এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী-এঁর সভাপতিত্বে আয়োজিত উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আহসানুল ইসলাম টিটু এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়। এছাড়া কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় এবং জনাব মোঃ আমিন হেলালী, সিনিয়র সহ-সভাপতি, এফবিসিসিআই।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব এ এইচ এম শফিকুজ্জামান এবং ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আরিফুল হাসান, পি.এস.সি কর্মশালায় অংশগ্রহণ করে তাদের মতামত তুলে ধরেন। এছাড়াও বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই), মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এর প্রতিনিধিবৃন্দ, কমিশনের বেসরকারি উপদেষ্টা জনাব খালেদ আবু নাসের এবং এম এস সিদ্দিকী কর্মশালায় অংশগ্রহণ করেন।

কর্মশালার প্রথম দিনে UNCTAD কর্তৃক সম্পাদিত Voluntary Peer Review (VPR) এর পদ্ধতি, UNCTAD প্রদত্ত সুপারিশসমূহ এবং তা বাস্তবায়নের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। এছাড়া, Voluntary Peer Review (VPR) এর সুপারিশসমূহ বাস্তবায়নে বাংলাদেশের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন উপস্থাপন করা হয়।

কর্মশালার দ্বিতীয় দিনে প্রতিযোগিতা আইন, ২০১২ বাস্তবায়নে বিভিন্ন সরকারি সংস্থার সহযোগিতা, অনুসন্ধান কার্যক্রমের পদ্ধতি, জোটবদ্ধতা এবং তার অনুসন্ধান, Cross Border Cartel এবং ডিজিটাল যুগে প্রতিযোগিতা আইনের বাস্তবায়ন সম্পর্কে কমিশনের কর্মকর্তাগণকে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিশদ ধারণা প্রদান করা হয়।



'Peer Review Dissemination Wokshop on Competition Act, 2012 of Bangladesh' শীর্ষক কর্মশালায় মঞ্চে উপবিষ্ট কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী ও অন্যান্যরা



'Peer Review Dissemination Wokshop on Competition Act, 2012 of Bangladesh' শীর্ষক কর্মশালায় বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

## ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস - ২০২৪ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস - ২০২৪ উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক কমিশনে স্থাপিত মুজিব কর্নারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পস্তবক অর্পণ শেষে মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী বীর শহীদদের স্মরণে দোয়া করা হয়। এ সময় কমিশনের চেয়ারপার্সন (রুটিন দায়িত্ব) জনাব সালমা আখতার জাহান, সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এবং সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান ও কমিশনের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অতঃপর কমিশনের সভাকক্ষে দিবসটির তাৎপর্যের উপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়।






২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস - ২০২৪ উপলক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক কমিশনে স্থাপিত মুজিব কর্নারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (অনুসন্ধান, তদন্ত, পুনর্বিবেচনা ও আপিল) প্রবিধানমালা, ২০২২ বিষয়ে ইনহাউজ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন

০২ জানুয়ারি ২০২৪ ও ১৮ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন (অনুসন্ধান, তদন্ত, পুনর্বিবেচনা ও আপিল) প্রবিধানমালা, ২০২২ এর ওপর এক ইনহাউজ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় কমিশনের চেয়ারপার্সন, সদস্যমণ্ডলী এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মশালায় চেয়ারপার্সন এবং সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান প্রবিধানমালার আলোকে অনুসন্ধান ও তদন্তকার্য পরিচালনার বিষয়ে সংশ্লিষ্ট প্রবিধানমালার আলোকে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করেন।





ইনহাউজ প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব সওদাগর মোস্তাফিজুর রহমান কর্তৃক নওগাঁ ও জয়পুরহাট জেলায় চালের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধে মতবিনিময় সভা আয়োজন ও স্থানীয় চালের বাজার পরিদর্শন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব সওদাগর মোস্তাফিজুর রহমান ও কমিশনের উপপরিচালক জনাব মোঃ আখতারুজ্জামান তালুকদার কর্তৃক ২৫ জানুয়ারি ২০২৪ তারিখে নওগাঁ জেলায় এবং ২৬ জানুয়ারি ২০২৪ তারিখে জয়পুরহাট জেলা প্রশাসকের কার্যালয়ে চালের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি সংক্রান্ত বিষয়ে জেলার চাল ব্যবসায়ী, মিল (চালকল) মালিক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথে মতবিনিময় ও আলোচনা সভা করেন। এ সময় তিনি ধান ও চালের মজুদ এবং ষড়যন্ত্রমূলক যোগসাজসের মাধ্যমে যাতে কেউ চালের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও বাজার অস্থিতিশীল করে তুলতে না পারে সে লক্ষ্যে চাল ব্যবসায়ী, চালকল মালিক ও সংশ্লিষ্ট নেতৃবৃন্দকে দিক নির্দেশনা প্রদান করেন। তিনি উভয় জেলার গুরুত্বপূর্ণ চালকল মিল, চালের আড়ৎ, চাতাল, চালের পাইকারি ও খুচরা বাজার পরিদর্শন করেন । এ সময় তিনি জেলার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের চালের বাজার স্থিতিশীল রাখার ব্যাপারে কঠোর নজরদারি বাড়ানোর নির্দেশনা প্রদান করেন।




নওগাঁ জেলা প্রশাসকের কার্যালয়ে আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন কমিশনের সদস্য জনাব সওদাগর মোস্তাফিজুর রহমান




জয়পুরহাট জেলা প্রশাসকের কার্যালয়ে আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন কমিশনের সদস্য জনাব সওদাগর মোস্তাফিজুর রহমান

Competition for growth
Bangladesh
Competition
Commission

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক "বাজার সমীক্ষা পরিচালনা পদ্ধতি, তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়ন" বিষয়ক কর্মশালা আয়োজন

২৫ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক 'বাজার সমীক্ষা পরিচালনা পদ্ধতি, তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়ন' বিষয়ক কর্মশালা কমিশনের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন (রুটিন দায়িত্ব) জনাব সালমা আখতার জাহান। কর্মশালায় কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এবং সদস্য জনাব মোঃ হাফিজুর রহমানসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় আলোচকবৃন্দ সমীক্ষা পরিচালনার পদ্ধতি, তথ্য সংগ্রহের পদ্ধতি, তথ্যের গোপনীয়তা ও মানসম্পন্ন প্রতিবেদন প্রস্তুত করার উপর গুরুত্বরোপ করেন। কর্মশালায় পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন কমিশনের পরিচালক জনাব কাজী গোলাম তৌসিফ।





'বাজার সমীক্ষা পরিচালনা পদ্ধতি, তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রণয়ন' বিষয়ক কর্মশালায় সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন (রুটিন দায়িত্ব) জনাব সালমা আখতার জাহান

# প্রতিযোগিতা আইন, ২০১২ এর আওতায় নিষ্পত্তিকৃত মামলায় অর্থদন্ড প্রদান

(ক) সমধর্মীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত হয়ে পরোক্ষভাবে ০৫ আগস্ট ২০২২ হতে ৩১ আগস্ট ২০২২ সময়কালে ডায়মন্ড এগ লিমিটেড তাদের উৎপাদিত ডিমের বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করায় এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ডিমের সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করার অভিযোগে অভিযুক্ত প্রতিষ্ঠান ডায়মন্ড এগ লিমিটেড-কে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (আ) মোতাবেক ২,৫০,০০,০০০ (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা প্রশাসনিক অর্থদন্ডে দন্ডিত করা হয়।

(খ) সি.পি বাংলাদেশ কোম্পানি লিমিটেড সমধর্মীয় অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত হয়ে পরোক্ষভাবে ০৫ আগস্ট ২০২২ হতে ২০ আগস্ট ২০২২ সময়কালে তাদের উৎপাদিত ডিমের বিক্রয়মূল্য অস্বাভাবিকভাবে বৃদ্ধি করে এবং একই প্রক্রিয়ায় তাদের উৎপাদিত ডিমের সরবরাহ এবং বাজার ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করে যা প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উপ-দফা (অ) এবং দফা (খ) এর লঙ্ঘন প্রমাণিত হয় যা একটি শাস্তিযোগ্য অপরাধ। অভিযুক্ত প্রতিষ্ঠান এর বিরুদ্ধে প্রতিযোগিতা কমিশনে এটিই প্রথম মামলা। তাই সকল বিষয় বিবেচনায় নিয়ে সি.পি বাংলাদেশ কোম্পানি লিমিটেড, ই-২৩৬, ওয়ার্ড নং-০৭, চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর কে প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ২০ এর উপ-ধারা (ক) এর দফা (আ) মোতাবেক অপরাধ সংঘটনের পূর্ববর্তী তিন অর্থবছরের গড় টার্নওভারের ভিত্তিতে ১,০০,০০,০০০ (এক) কোটি টাকা প্রশাসনিক অর্থদন্ডে দন্ডিত করা হয়।

(গ) ফুডপান্ডা বাংলাদেশ লিমিটেড এর বিরুদ্ধে প্রতিযোগিতা আইন, ২০১২ (২০১২ সনের ২৩ নং আইন) এর ধারা ১৬ এর উপ-ধারা (১) এবং ধারা ১৬ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর লঙ্ঘনের অভিযোগ প্রমাণিত হওয়ায় ফুডপান্ডা বাংলাদেশ লিমিটেডকে নির্দেশনাসহ ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা প্রশাসনিক আর্থিক জরিমানা আরোপ করা হয়।

## স্থিরচিত্রে কমিশনের কার্যক্রমঃ



চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল


চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল


চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল


চিত্র: বাজার মনিটরিং করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের মনিটরিং সেল

Competition for growth
Bangladesh Competition Commission

**প্রকাশনায়ঃ**
**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**
**৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০**
ফোন: +৮৮০২-৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স: +৮৮০২-৫৮৩১৫৪৯৭
ই-মেইল: secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল: জুন, ২০২৩

**উপদেষ্টা পরিষদ**

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন ও সভাপতি
উপদেষ্টা পরিষদ

**সালমা আখতার জাহান**
সদস্য

**সওদাগর মুস্তাফিজুর রহমান**
সদস্য

**সম্পাদনা পরিষদ**

**মোঃ হাফিজুর রহমান**
সদস্য ও আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**নূরউদ্দীন যোবায়ের**
সহকারী পরিচালক